দৈনিক খবর

তারিখ 01 OCT 1991
পৃষ্ঠা ৮ কলাম ৩

# ভাংচুরের প্রতিবাদে ক্যাম্পাসে ছাত্রদলের মিছিল সমাবেশ

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল সোমবার ক্যাম্পাসে শনিবারের ভাংচুর ও সহিংসতার প্রতিবাদে একটি মিছিল বের করে এবং ডাকসু ভবন প্রাঙ্গণে সমাবেশের আয়োজন করে।

বাসস জানায়ঃ ছাত্রদলের যুগ্ম-আহবায়ক ফজলুল হক মিলন, হাবিবুন্নবী সোহেল ও আলী আক্কাস নাদিম সমাবেশে বক্তৃতা করেন।

ছাত্রদল নেতারা অভিযোগ করেন যে, কতিপয় ছাত্র সংগঠনের কর্মী গণতন্ত্রের নামে ভাংচুর ও সহিংসতা অব্যাহত রেখেছে এবং ছাত্রদলের বিরুদ্ধে কুৎসা রটাচ্ছে। তারা বলেন, গণতান্ত্রিকভাবে নির্বাচিত সরকার প্রতিষ্ঠার পর পরই কতিপয় কায়েমী স্বার্থবাদী মহল নয়া সরকারকে বেকায়দায় ফেলার চেষ্টা করছে। তারা ছাত্রদলের অনুসারীদের চরম ধৈর্য প্রদর্শন ও চক্রান্তকারীদের যে কোন অশুভ পরিকল্পনা গণতান্ত্রিকভাবে প্রতিহত করার আহবান জানান।

তারা ডাঃ শামসুল আলম খান মিলন ও মাহবুবুর রহমানের সন্দেহভাজন হত্যাকারীদের গ্রেফতার ও বিচার দাবী করেন।